২০/৭/২০০১

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ২ ......

দৈনিক ইত্তেফাক

# পাঁচ বছরে সাতক্ষীরা জেলায় ১৬২টি শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণ

সাতক্ষীরা সংবাদদাতা ।। ফ্যাসিলিটিজ বিভাগ গত ৫ বৎসরে সাতক্ষীরা জেলায় ১৬২টি শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণ বাস্তবায়িত করিয়াছে। ইহা বাস্তবায়ন করিতে ব্যয় হইয়াছে প্রায় ২৬ কোটি টাকা। বাস্তবায়িত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের মধ্যে রহিয়াছে সরকারী কলেজ, বেসরকারী কলেজ, সরকারী উচ্চ বিদ্যালয়, বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়, ভোকেশনাল ট্রেনিং ইনসটিটিউট, মাদ্রাসা সরকারী প্রাথমিক বিদ্যালয়. জুন '৯৬ হইতে জুন ২০০১ সাল পর্যন্ত সমগ্র জেলায় শিক্ষা প্রতিষ্ঠানসমূহ নির্মাণে ২৫ কোটি ৯৫ লক্ষ ৫০ হাজার টাকা ব্যয় হইয়াছে। ইহার মধ্যে সদর উপজেলায় ৫ কোটি ৮০ লক্ষ টাকা, তালা উপজেলায় ৩ কোটি ৯১ লক্ষ ৫০ হাজার টাকা, শ্যামনগর উপজেলায় ২ কোটি ৯০ লক্ষ টাকা, আশাশুনি উপজেলায় ৪ কোটি ১২ লক্ষ ৫০ হাজার টাকা, কালিগঞ্জ উপজেলায় ২ কোটি ৪৯ লক্ষ টাকা, কলারোয়া উপজেলায় ৪ কোটি ৯৭ লক্ষ ৫০ হাজার টাকা, দেবহাটা উপজেলায় ১ কোটি ৭৫ লক্ষ টাকা ব্যয় করা হইয়াছে। এই অর্থ ব্যয় করিয়া সদর উপজেলায় ৫৩টি, তালা উপজেলায় ১৯টি, শ্যামনগর উপজেলায় ১৬টি, আশাশুনি উপজেলায় ২৫টি, কালিগঞ্জ উপজেলায় ১৩টি, কলারোয়া উপজেলায় ২৬টি ও দেবহাটা জেলায় ১০টি শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণ করা হইয়াছে। সদর উপজেলায় ৫৩টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে সরকারী কলেজ ২টি, বেসরকারী কলেজ ৩টি, সরকারী উচ্চ বিদ্যালয় ৬টি, বেসরকারী মাধ্যমিক বিদ্যালয় ১৪টি, ভোকেশনাম ট্রেনিং ইনসটিটিউট ১টি, মাদ্রাসা ৬টি ও সরকারী প্রাথমিক বিদ্যালয় ২১টি নির্মিত হইয়াছে। তালা উপজেলার ১৯টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে সরকারী কলেজ ১টি, বেসরকারী কলেজ ৩টি, সরকারী উচ্চ বিদ্যালয় ২টি, বেসকারী মাধ্যমিক বিদ্যালয় ১১টি, মাদ্রাসা ২টি নির্মিত হইয়াছে। শ্যামনগর উপজেলায় ১৬টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে বেসরকারী কলেজ ২টি, বেসরকারী মাধ্যমিক বিদ্যালয় ১২টি ও মাদ্রাসা ২টি, আশাশুনি উপজেলায় ২৫টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে বেসরকারী কলেজ ১টি, বেসরকারী মাধ্যমিক বিদ্যালয় ১৯টি ও মাদ্রাসা ৫টি। কালিগঞ্জ উপজেলায় ১৩টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে বেসরকারী কলেজ ২টি, বেসরকারী মাধ্যমিক বিদ্যালয় ১০টি ও মাদ্রাসা ১টি, কলারোয়া উপজেলায় ২৬টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে বেসরকারী কলেজ ৩টি, বেসরকারী মাধ্যমিক বিদ্যালয় ১৭টি ও মাদ্রাসা ৬টি, এবং দেবহাটা উপজেলায় ১০টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে বেসরকারী কলেজ ১টি, বেসরকারী মাধ্যমিক বিদ্যালয় ৮টি ও মাদ্রাসা ১টি নির্মিত হইয়াছে। উপজেলার প্রত্যন্ত অঞ্চলে নির্মিত এই সকল শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীর সংখ্যা খুব বেশী না হইলেও শিক্ষা প্রসারতার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করিয়াছে।